# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা জুন, ২০২৫

## বাংলা

## (প্রথম ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

# বাংলা (প্রথম ভাষা)

## বিভাগ-ক

১। সঠিক উত্তরে (✓) চিহ্ন দাও ঃ ১×১৫=১৫

১.১. "চাল নেই বাবা"—

(ক) ফতিমা বলল (খ) আমিনা বলল

(গ) সালমা বলল (ঘ) আনোয়ারা বলল

১.২. 'বিজ্ঞ' শব্দের অর্থ—

(ক) বিশেষ জ্ঞানের অধিকারী (খ) যশস্বী

(গ) কীর্তিমান ব্যক্তি (ঘ) বুদ্ধিমান ব্যক্তি

১.৩. "নির্বাক হইয়া বসিয়া রহিলেন বৃদ্ধা"— 'নির্বাক' হলেন

(ক) পয়সা ছুঁড়ে দেবার জন্য (খ) কাপড় দেবার জন্য

(গ) ঘর থেকে বের করে দেবার জন্য (ঘ) ট্রেন ছেড়ে দেবার জন্য

১.৪. "আমাদের বাসার নিকট ছিল একটি..."—

(ক) মিষ্টির দোকান (খ) কাপড়ের দোকান

(গ) মনোহারী দোকান (ঘ) মুদিখানা

১.৫. "দাদা, ঐ মাঠের মধ্যে সকলের জল খাবার জন্য তুই একটা ____________"।

(ক) অন্নসত্র করে দে (খ) জলসত্র করে দে

(গ) দানসত্র করে দে (ঘ) সরাইখানা করে দে

১.৬. "একটা পাখি আকাশ বেয়ে ডানা মেলে চলেছিল।"— পাখিটার নাম

(ক) বেনেবৌ (খ) বৌকথাকও

(গ) বসন্তবৌরী (ঘ) টুনটুনি

১.৭. মাইলস্টোন দেখে বোঝা যায়—

(ক) পথের পরিচয় (খ) স্থানের দূরত্ব

(গ) শহরের দূরত্ব (ঘ) পথের সৌন্দর্য

১.৮. "তিনি একাকী মেদিনীপুর যাইতেছিলেন"— কত বছর বয়সে?

(ক) একুশ বছর (খ) বাইশ বছর

(গ) আঠারো বছর (ঘ) পঁচিশ বছর

১.৯. সত্যেন্দ্রনাথ দত্তকে বলা হত

(ক) ছন্দ বিশেষজ্ঞ (খ) ছন্দময়

(গ) ছন্দের জাদুকর (ঘ) ছন্দসী

১.১০. 'বন্দনা' শব্দটির অর্থ হল

(ক) আরাধনা (খ) সাধনা

(গ) তপস্যা (ঘ) ভক্তি করা

১.১১. 'কালবৈশাখী' কবিতাটির কবি হলেন

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম

(গ) মোহিতলাল মজুমদার (ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত

১.১২. ''রেখো মা দাসেরে মনে''— এখানে 'মা' হলেন

(ক) জননী জাহ্নবীদেবী (খ) বিশ্বমাতা

(গ) জন্মভূমি বঙ্গভূমি (ঘ) একজন ভৃত্যের জননী

১.১৩. ''তার কে টাঙিয়ে ছিল রে?'' তার টি ছিল—

(ক) টেলিগ্রাফের তার (খ) টেলিফোনের তার

(গ) বিজলিবাতির তার (ঘ) রেডিয়োর তার

১.১৪. 'অধিরথসূত পুত্র' কে?

(ক) ভীষ্ম (খ) দ্রোণ

(গ) কর্ণ (ঘ) কৃপাচার্য

১.১৫. উপসর্গ ধাতুর

(ক) পূর্বে বসে (খ) পরে বসে

(গ) মাঝে বসে (ঘ) সঙ্গে বসে

## বিভাগ-খ

২। নিম্নলিখিত প্রশ্নগুলির এককথায় উত্তর দাও ঃ ১×১০=১০

২.১. গফুর কোথায় কাজ করতে গেল?

২.২. কত বছর আগে লেখক কলকাতায় এসেছিলেন?

২.৩. বীরসিংহ গ্রামে কার পাঠশালা ছিল?

২.৪. 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধের লেখিকার নাম লেখো।

২.৫. কবি আফ্রিকাকে 'ছায়াবৃতা' বলেছেন কেন?

২.৬. 'বীর সন্ন্যাসী' কাকে বলা হয়েছে?

২.৭. 'দুঃসহ' শব্দটির অর্থ কী?

২.৮. 'অধিরথসূত পুত্র' কে ছিলেন?

২.৯. বৃদ্ধা শেষ পর্যন্ত ট্রেনের কোন্ কামরায় উঠেছিলেন?

২.১০. 'পঞ্চবটী' কাকে বলে?

## বিভাগ-গ

**৩.১।** নিম্নলিখিত *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ''গফুর কত কি যেন চিন্তা করিয়া হঠাৎ করিয়া এই সমস্যার সমাধান করিয়া ফেলিল''— গফুর কী করে এই সমস্যার সমাধান করে ফেলেছিল?

(খ) জলসত্র কাকে বলে? গ্রামের জলসত্রটি কারা প্রতিষ্ঠা করেছিলেন?

(গ) ''উঠলে তো, এখন বসবে কোথায় বাছা?''— উক্তিটি কে, কার উদ্দেশে করেছে? যার উদ্দেশে উক্তি তিনি কোথায় বসার কথা বলেন?

(ঘ) 'ভারতবর্ষ' গল্পে, লেখক কোন্ দৃশ্য দেখে স্তম্ভিত হয়ে গিয়েছিলেন?

৩.২। নিম্নলিখিত *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শৈশব জীবনের পরিচয় দাও।

(খ) নারীরা কীভাবে পুরুষদের দ্বারা নির্যাতিতা হত তা 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধ অনুসরণ করে লেখো।

৩.৩। নিম্নলিখিত *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ''মধুহীন করো নাগো তব মনঃকোকনদে''— কার উদ্দেশে কবির এই বক্তব্য? কেন তিনি মধুহীন না করার জন্যে মিনতি করছেন?

(খ) আঠারো বছর বয়েসের গুণ কী সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'কালবৈশাখী' কবিতায় ঝড়ের পূর্ববর্তী অবস্থার প্রকৃতির বর্ণনা দাও।

(ঘ) ''বীর সন্ন্যাসী বিবেকের বাণী ছুটেছে জগৎময়''— উদ্ধৃতাংশটি কোন্ কবির লেখা, কোন্ কবিতার অংশ? বিবেকের বাণী কীভাবে জগৎময় ছুটেছে?

৩.৪। নিম্নলিখিত *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ''বালক তাহা কোনোমতেই ঠাহর করিতে পারিতেছিল না''— বালক বলতে কার কথা বলা হয়েছে? সে কোন বিষয়টি ভেবে ঠাহর করে উঠতে পারছিল না?

(খ) ''কুঠির মাঠ দেখবো, কুঠির মাঠ দেখবো, কেমন হল তো কুঠির মাঠ দেখা''— বক্তা কে? বক্তা কখন কথাগুলো বলেছিল? কুঠির মাঠ অপুর কেমন লেগেছিল?

৩.৫। নিম্নলিখিত *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ''তব বাণী স্পর্শিতেছে মুগ্ধ চিত্ত মম''— উক্তিটি কার? কার, কোন্ বাণী তাঁর চিত্তকে স্পর্শ করছে?

(খ) ''কেন চিরদিন / ভাসাইয়া দিলে মোরে অবজ্ঞার স্রোতে''— উক্তিটি কার? বক্তা কেন এমন উক্তি করেছেন?

## বিভাগ-ঘ

৪। নিম্নলিখিত *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

৪.১. অর্থসহ বাক্য রচনা করো ঃ
উত্তম মধ্যম, ডুমুরের ফুল

৪.২. বাক্য সংকোচন করো ঃ
যে আগে জন্মেছে, সে বিদেশে থাকে।

৪.৩. প্র ও গর দিয়ে দুটি শব্দ লেখো।

৪.৪. অনুসর্গ কী?

৪.৫. শব্দের অর্থ বিস্তার করো ঃ
বহুরূপী, সাপ্তাহিক

৪.৬. সমাস ও সন্ধির মধ্যে দুটি পার্থক্য দেখাও।

৪.৭. অব্যয়ীভাব সমাস কাকে বলে উদাহরণসহ লেখো।

৪.৮. বাংলা ভাষায় ব্যবহৃত উপসর্গগুলিকে কোন শ্রেণিতে ভাগ করা হয়?

## বিভাগ-ঙ

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫×২=১০

৫.১. ভাবসম্প্রসারণ করে দেখাও ঃ ৫

"জীবে প্রেম করে যেই জন
সেই জন সেবিছে ঈশ্বর।"

*অথবা,*

বাংলায় অনুবাদ করো ঃ ৫

The most pressing problem of India today which requires immediate solution, to be problem of poverty. Millions of people in India are half-fed and ill-clad. The tillers of the soil live in the most appealing condition.

৫.২. প্রতিবেদন লেখো ঃ ৫

নিম্নচাপে শীত আসতে দেরি

*অথবা,*

সারাংশ লেখো ঃ ৫

আমাদের জাতীয় সাহিত্যে আমাদের মাতৃভাষা বাংলাতেই হইবে। যে পর্যন্ত আমরা ইংরাজী প্রভৃতি বিদেশী ভাষায় হাসিতে, কাঁদিতে, চিন্তা করিতে, স্বপ্ন দেখিতে না শিখিব, ততক্ষণ পর্যন্ত মাতৃভাষা বাংলাই সাহিত্যের ভাষা থাকিবে। যখন হইতে জার্মানী ফরাসী ভাষার মোহপাশ কাটিয়া মাতৃভাষাকে পূজার স্থান দিল তখন হইতে জার্মান জাতির উন্নতি আরম্ভ হইল। সাহিত্যের দু-একটি শাখা বিদেশী মাটিতে টিকিতে পারে কিন্তু সমগ্র সাহিত্য বিদেশী আবহাওয়ায় বাঁচিবে না।

৬। নিম্নলিখিত *যে কোনো একটি* বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০×১=১০

৬.১. আধুনিক জীবনে ইন্টারনেট

৬.২. তোমার প্রিয় ঋতু

৬.৩. একটি বিতর্ক প্রতিযোগিতা

৬.৪ একটি শিক্ষামূলক ভ্রমণ

**Space for Rough Work**

**Space for Rough Work**